# ব্রাউজার হিস্ট্রি যেভাবে ক্লিয়ার করবেন

**ডা. মোহাম্মদ সিয়াম মোয়াজ্জেম**

আপনি অনলাইনে কী করছেন, কোন কোন সাইটে ভিজিট করছেন, কী কী দেখছেন, তা দুনিয়ার মানুষকে জানানো দরকার নেই। কিন্তু আপনি অনলাইনে যা কিছুই দেখেন না কেনো, যে সাইটে ভিজিট করেন না কেনো, তার ডিজিটাল রেকর্ড থেকেই যায় এবং যেকেউ আপনার ডিভাইস দিয়ে অ্যাক্সেস করতে পারবে।


প্রথমে এ বিষয়টিকে স্পষ্ট করা যাক। আপনার ব্যবহৃত বিশ্বস্ত ব্রাউজার, ইন্টারনেটে আপনার রহস্যময় আচরণ, ক্রেজি, না বলার বিষয় যেগুলো কখনও শেয়ার করতে চান না, সেসব কার্যকলাপের বিস্তারিত লিস্ট ধারণ করে, যতক্ষণ পর্যন্ত না আপনি অন্য কিছু করতে বলছেন। সবচেয়ে ভালো হয় বিশ্বের বিশাল তথ্যভাণ্ডার ইন্টারনেটে অসতর্কভাবে আপনার গোপন তথ্য শেয়ার হওয়ার আগে অর্থাৎ ইন্টারনেটে সম্ভাব্য বিব্রতকর এক্সপ্লোরেশন থেকে পরিত্রাণের জন্য আপনার উচিত ডিজিটাল রেকর্ড ক্লিয়ার করা। এখানে আমরা শুধু BDSM Porn Searches সংশ্লিষ্ট বিষয় ক্লিয়ার রাখার প্রসঙ্গে আলোচনা করছি না বরং এমন সব বিষয় ক্লিয়ার রাখার ব্যাপারে আলোকপাত করা হচ্ছে, যেগুলো রাজনৈতিক বা সামাজিকভাবে বিতর্ক সৃষ্টি করতে পারে, আমাদের অনুভূতিতে আঘাত হানতে পারে বা আপনার ব্যক্তিগত স্বাস্থ্যসংশ্লিষ্ট তথ্য যা অন্যদের জানাতে চাচ্ছেন না।

যেকোনো ইস্যু প্রোঅ্যাক্টিভভাবে এড়িয়ে যাওয়ার এক উপায় হলো ব্রাউজারের সার্ফিং আচরণকে not record-এ সেট করা। নন-রেকর্ডকিপিং সার্চিংয়ের জন্য ফায়ারফক্স এবং সাফারির ক্ষেত্রে 'private window', ইন্টারনেট এক্সপ্লোরারের ক্ষেত্রে 'inPrivate' সেট করতে পারেন। যেভাবে ডিজিটাল হিস্ট্রি ক্লিয়ার করা যায় তা নিম্নরূপ :

## ক্রোমে ব্রাউজিং হিস্ট্রি ডিলিট করা

উপরে ডান প্রান্তে তিন লাইনে ক্লিক করুন এবং পুল ডাউন মেনু থেকে 'History' সিলেক্ট করুন অথবা বিকল্প হিসেবে পিসিতে Ctrl-H চাপুন। এর ফলে একটি নতুন ট্যাব প্রম্পট করবে, যেখানে খুঁজে পাবেন সম্প্রতি ভিজিট করা ওয়েব পেজের এক দীর্ঘ লিস্ট। এখান থেকে প্রতিটি এন্ট্রির পাশে চেক বক্সে ক্লিক করে 'Remove selected items' সিলেক্ট করার মাধ্যমে অপসারণ করতে পারবেন স্বতন্ত্র ভিজিট।

যদি আপনি বিস্তৃতভাবে হিস্ট্রি ক্লিন করতে চান (উদাহরণস্বরূপ সারা দিনের ব্রাউজিং), একটি পপআপ উইন্ডো যাতে প্রম্পট করে সেজন্য হিস্ট্রি স্ক্রিনে 'Clear browsing data…' বাটনে ক্লিক করুন। এবার নিশ্চিত করুন 'Browsing history'-এর পাশের বক্স যেন ক্লিক করা থাকে। এর পাশাপাশি আরও নিশ্চিত করুন অন্য যেকোনো তথ্য, যা আপনি ডিলিট করতে চাচ্ছেন যেমন– কুকি, ক্যাশ করা ইমেজ, ডাউনলোড ইত্যাদির পাশের বক্স যেন ক্লিক করা থাকে। ওপরের পুল ডাউন মেনু আপনাকে কিছু সময়ের জন্য যেমন– past hour, past day, past week, or since the beginning of time কিছু ম্যাটেরিয়াল ডিলিট করার অপশন দেবে। এরপর নিচের দিকে 'Clear browsing data'-এ ক্লিক করলে আপনার হিস্ট্রিরি ডিলিট হয়ে যাব।



*সাফারিতে ব্রাউজিং হিস্ট্রি রিসেট করা*

ক্রোম মোবাইল অ্যাপে উপরে ডান প্রান্তে তিন লাইন বা তিন ডটে ট্যাপ করুন এবং স্ক্রিনের নিচে 'CLEAR BROWSING DATA' বাটনে ক্লিক করুন।

## ফায়ারফক্সে ব্রাউজিং হিস্ট্রি ডিলিট করা

উপরে ডান প্রান্তে তিন লাইন চিহ্নে ক্লিক করুন এবং History→Clear Recent History বেছে নিন অথবা পিসিতে Ctrl+Shift+Del-এ ক্লিক করুন। এটি পপআপ করার জন্য প্রম্পট করবে Recent History Box। এবার আপনি পাবেন এক পুলডাউন মেনু, যেখানে রয়েছে ক্লিয়ার করার জন্য টাইম রেঞ্জ অপশন, যার বিস্তার Last Hour থেকে শুরু করে Everyththing পর্যন্ত সব কিছু। যদি আপনি ডিটেইল বাটনে ক্লিক করেন, তাহলে দেখতে পারবেন বিভিন্ন ধরনের ডাটা, যা আপনি ডিলিট করতে পারবেন, যেমন– ব্রাউজিং হিস্ট্রি, ক্যাশ ইত্যাদি। এরপর এমন একটি অপশন বেছে নিন, যা আপনি মুছে ফেলতে চান। এবার Clear Now-এ ক্লিক করুন।

## ইন্টারনেট এক্সপ্লোরারে ব্রাউজিং হিস্ট্রি ডিলিট করা

ইন্টারনেট এক্সপ্লোরারে ব্রাউজিং হিস্ট্রিরি ডিলিট করার এক সহায়ক শর্টকাট হলো Ctrl+Shift+Delete চাপা। যদি ইন্টারনেট এক্সপ্লোরারের সাম্প্রতিক ভার্সনে এই তিনটি কী একত্রে চাপা হয়, তাহলে একটি ডায়ালগ বক্স আপনার সামনে উদ্ভাসিত হবে, যা আপনাকে সুযোগ দেবে কী কী রাখবেন আর কী কী রাখবেন না তা নির্বাচন করার। এবার যেসব অপসারণ করতে চান তার পাশে চেক বক্সে টিক দিয়ে Delete ক্লিক করুন।

## সাফারির ব্রাউজিং হিস্ট্রি ডিলিট করা

অন্যান্য ব্রাউজারের মতো সাফারিরও রয়েছে বেশ কিছু কিবোর্ড শর্টকাট। কিন্তু ব্রাউজিং হিস্টোরি ডিলিট করার জন্য তেমন কোনো কিবোর্ড শর্টকাট নেই। আপনি মেনু ব্যবহার করে ব্রাউজিং হিস্টোরি ডিলিট করতে পারবেন। এজন্য উপরে ডান প্রান্তে গিয়ার আইকনে ক্লিক করে Reset Safari সিলেক্ট করুন। এরপর পরবর্তী পপআপ মেনুতে যেসব আইটেম ক্লিয়ার করতে চান, সেগুলো চেক করে Reset বাটনে প্রেস করুন।

শুধু ম্যাক ব্যবহারকারীরা সাফারি মেনুতে ক্লিক করে একটি পপআপ প্রম্পট করার জন্য Clear History and Website Data বেছে নিন। এখান থেকে আপনার কাঙ্ক্ষিত তথ্য মুছে ফেলতে পারবেন।

## বক্স আইটেম

## ব্রাউজার হিস্ট্রি কী?

যখনই কমপিউটার থেকে অনলাইনে যাবেন, তখনই ব্রাউজার আপনার ভিজিট করা প্রতিটি পেজের একটি কপি সেভ করে রাখবে। আপনার কমপিউটার এবং ইন্টারনেট ব্রাউজার যেমন– ক্রোম, ফায়ারফক্স, ইন্টারনেট এক্সপ্লোরার বা অন্য যা কিছুই ব্যবহার করেন না কেন, তা সবসময় ট্র্যাক করে এবং কোন কোন পেজে ভিজিট করেছেন তার হিস্ট্রিরি রাখে। এর অর্থ হচ্ছে কোনো কিছুই আপনার কাছ থেকে লুকিয়ে রাখা হচ্ছে বা গোপন করা হচ্ছে। তবে একে ষড়যন্ত্র বা ব্যক্তিগত তথ্যে অনধিকার প্রবেশও বলা যাবে না। এটি ব্যবহারকারীর সুবিধার্থে রাখা হয়েছে। যতক্ষণ পর্যন্ত না আপনি মনে করছেন অনলাইনে আপনার কাজ, যেমন কোনো বিশেষ পরিকল্পনা, বিশেষ কোনো রিপোর্ট ইত্যাদি গোপন রাখতে, ততদিন পর্যন্ত এটি থেকেই যাবে।

সব ব্রাউজারেই পেজের উপরের দিকে History হলো অন্যতম এক ড্রপ-ডাউন মেনু চয়েজ, যেখানে অন্যান্য অপশনের সাথে রয়েছে ফাইল, এডিট, ভিউ, বুকমার্কসহ আরও কিছু ফিচার। যতক্ষণ অনলাইনে থাকবেন, হিস্ট্রি ফিচার ততক্ষণ ধারণ করবে ইন্টারনেট ব্রাউজিং ট্যাব।

ব্রাউজার অ্যাপ্লিকেশন ডিজাইনারেরা উপলব্ধি করেন যে ব্যবহারকারীর জানা দরকার তাদের দীর্ঘ ইন্টারনেট সেশনে অনলাইনে কোথায় কোথায় অ্যাক্সেস করেছিলেন, তারা কী কী রিড করেছিরলন বা কী কী দেখেছিলেন। আর এ কারণে ব্রাউজার অ্যাপ্লিকেশন ডিজাইনারেরা হিস্ট্রিরি ফিচারে যুক্ত করেন এক সহায়ক ফিচার।

বিস্ময়করভাবে বিপুলসংখ্যক ব্যবহারকারী কখনই তাদের ব্রাউজারের হিস্ট্রি মেনু এক্সপ্লোর করে দেখেননি বা এর কিছু বিশেষ ফিচার সম্পর্কে কখনই অবহিত হননি কজ

*ফিডব্যাক : siam.moazzem@gmail.com*